চট্টগ্রামে একই পরিবারের ৩ জনের গলা কাটা মরদেহ উদ্ধার

চেম্বার ডেস্ক:: চট্টগ্রামের মিরসরাই উপজেলার একটি বাড়ি থেকে স্বামী, স্ত্রী ও তাদের ছেলেসন্তানের গলা কাটা মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

আজ বৃহস্পতিবার (১৪ অক্টোবর) ভোর সাড়ে ৫টার দিকে উপজেলার জোরারগঞ্জ ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের মধ্যম সোনাপাহাড় এলাকা থেকে মরদেহ তিনটি উদ্ধার করা হয়।

জোরারগঞ্জ থানার উপ-পরিদর্শক (এসআই) এনামুল হক বিষয়টি নিশ্চিত করে বলেন, ভোররাতে সংবাদ পেয়ে থানার ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত হয়ে একই পরিবারের স্বামী, স্ত্রী ও তাদের ছেলেসন্তানের গলা কাটা মরদেহ উদ্ধার করেছেন।

এ বিষয়ে চট্টগ্রামের সহকারী পুলিশ সুপার (মিরসরাই সার্কেল) মো. লাবীব আব্দুল্লাহ বলেন, স্থানীয়দের কাছ থেকে সংবাদ পেয়ে ভোর ৫টার দিকে আমরা ঘটনাস্থলে এসেছি। এসে ঘরের ভেতর মোস্তফা সওদাগর, তার স্ত্রী ও ছেলের কোপানো লাশ দেখতে পেয়েছি। তাদের গলায় দাগ ও শরীরে কোপানোর চিহ্ন আছে। কোপানোর কারণে লাশ বীভৎস হয়ে আছে। ঘটনার বিস্তারিত পরে জানানো হবে।

তিনি বলেন, লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হবে।